

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪৩১

আগরতলা, ৯ জানুয়ারি, ২০২৫

বোধজংনগরে ৫টি শিল্প ইউনিটের
জমি এবং স্থায়ী সম্পদ অধিগ্রহণ

ত্রিপুরা ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড আজ বোধজংনগর ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্সের ৫টি শিল্প ইউনিটের জমি এবং স্থায়ী সম্পদ অধিগ্রহণ করেছে। এই ইউনিটগুলি দীর্ঘদিন ধরে বন্ধ এবং পরিত্যক্ত অবস্থায় ছিল। ফলস্বরূপ, বোধজংনগরের অত্যন্ত মূল্যবান জমি অব্যবহৃত অবস্থায় পড়েছিল। কর্পোরেশন নতুন ইউনিটগুলিকে জমি বরাদ্দ করতে পারছিল না। এছাড়াও, এই ইউনিটগুলির কাছ থেকে জমির ভাড়া হিসাবে প্রায় ১.১৩ কোটি টাকা বকেয়া ছিল এবং মালিকরা কর্পোরেশনের কাছ থেকে বকেয়া ভাড়া পরিশোধের জন্য ডিম্যান্ড নোটিশের কোনও জবাব দিচ্ছিলেন না। তাই বাধ্য হয়ে টিআইডিসি ত্রিপুরা পাবলিক প্রিমিসেস আইনের অধীনে নির্মিত কাঠামো সহ জমি অধিগ্রহণের সিদ্ধান্ত নেয়। নারায়ণ কর অ্যান্ড অ্যাসোসিয়েটস, ইডিপি ম্যানেজমেন্ট প্রাইভেট লিমিটেড, হ্যানিম্যান মেডিকেল রিসার্চ প্রাইভেট লিমিটেড, রমেল ইন্ডাস্ট্রিজ লিমিটেড, আইকোর সুপার সিমেন্ট প্রাইভেট লিমিটেড নামে ইউনিটগুলির প্রায় ১৭ একর জমি পুনঃব্যবহারের জন্য অধিগ্রহণ করা হয়েছে। বিনিয়োগের প্রসার এবং কর্মসংস্থান সৃষ্টির জন্য এই জমিগুলি নিয়ম অনুযায়ী নতুন শিল্প স্থাপনের জন্য বরাদ্দ করা হবে। ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের পক্ষ থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
